
# বিআরটিসি সমাচার

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
## Bangladesh Road Transport Corporation

চতুর্থ সংখ্যা

অক্টোবর-ডিসেম্বর ২০২১ (ত্রৈমাসিক)

প্রকাশকাল : জানুয়ারি ২০২২



## ই-টিকেটিং





## সূচিপত্র:


১. সকল ডিপো/ইউনিটে 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' কর্নার স্থাপন
২. মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন
৩. শেখ রাসেল দিবস উদযাপন
৪. মহান বিজয় দিবস উদযাপন
৫. পূর্ব নির্ধারিত ভাড়ায় পণ্য পরিবহন
৬. শিক্ষার্থীদের জন্য বাসে অর্ধেক ভাড়া
৭. নিরাপদ সড়ক দিবস উদযাপন
৮. ২০২১ সালে বিআরটিসি'র অর্জন
৯. আলোকচিত্রে বিআরটিসি
১০. বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য
১১. আয়-ব্যয় সংক্রান্ত তথ্য
১২. বিআরটিসির স্থাপনার অক্টোবর/২১ হতে ডিসেম্বর /২১ পর্যন্ত মাসভিত্তিক ভাড়ার তথ্য
১৩. সিপিএফ ও গ্র্যাচুইটি অর্থ প্রদান সংক্রান্ত তথ্য
১৪. সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী বিআরটিএর মামলা সংক্রান্ত তথ্য
১৫. সরকারি পরিবহন পুল হতে ২৯টি কার-জীপ প্রাপ্তি
১৬. কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর এর প্রশিক্ষণ কক্ষ আধুনিকায়ন
১৭. গাজীপুর বাস ডিপোর মূল ফটক আধুনিকায়ন ও ডিজেল পাম্প পুনরায় চালুকরণ
১৮. এসি বাসে WiFi সংযোগ প্রদান



**প্রকাশনায়:**

১. জনাব বিষ্ণু কুমার সরকার
পরিচালক (প্রশাসন ও অপারেশন), বিআরটিসি

২. জনাব মোহম্মাদ সাইদুর রহমান
জিএম (প্রশাসন ও পার্সোনেল), বিআরটিসি

৩. জনাব মোঃ গোলাম সারোয়ার রানা
সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, বিআরটিসি



**যোগাযোগ:**

ফোন নম্বর : ০২-৪১০৫১ ৩৩৭
০২-৪১০৫১ ৩৪৮

মোবাইল : ০১৩২৪ ২৯৩৯ ১৬
০১৩২৪ ২৯৩৯ ০৮

**ই-মেইল:**
chairman@brtc.gov.bd

**ওয়েবসাইট:**
www.brtc.gov.bd

**বিআরটিসি ফেইসবুক:**
https://www.facebook.com/profile.php?id=100708605555760

**বিআরটিসি ভবন**
২১ রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০




**ওবায়দুল কাদের, এমপি**
**মাননীয় মন্ত্রী**
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

"গণপরিবহন সেবায় বিআরটিসি হবে দেশের রোল মডেল।"



**মোঃ নজরুল ইসলাম**
**সচিব**
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

"দক্ষ জনশক্তি গড়তে বিআরটিসিকে জোড়ালো ভূমিকা পালন করতে হবে।"



**মোঃ তাজুল ইসলাম**
চেয়ারম্যান
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

"বিআরটিসিকে আধুনিক, জনবান্ধব ও সেবামূলক রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।"



## ❑ সকল ডিপো/ইউনিটে 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' কর্নার স্থাপন

মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন কর্মসূচীর অংশ হিসেবে বিআরটিসির প্রধান কার্যালয়ে 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' কর্নারের শুভ উদ্বোধন করেন জনাব ওবায়দুল কাদের, এমপি, মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী। বিআরটিসি'র চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম-এর নির্দেশনায় সকল ডিপো/ ইউনিটসমূহে 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' কর্নার স্থাপন করা হয়েছে। কর্নারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমনের আত্মজীবনীসহ বিভিন্ন পুস্তক রাখার মাধ্যমে বঙ্গবন্ধু কর্নারটি পরিপূর্ণতা পেয়েছে।

## ❑ মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী বিআরটিসি অত্যন্ত গুরুত্ব সহকারে প্রতিপালন করেছে। প্রতিপালনের উদ্দেশ্যে গৃহীত সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে।

## ❑ শেখ রাসেল দিবস উদযাপন

গত ১৮/১০/২০২১ তারিখে "শেখ রাসেল জাতীয় শিশু দিবস" উপলক্ষে বিআরটিসির চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামের সভাপতিত্বে এক আলোচনা সভা ও দোয়ার মাহ্ফিল আয়োজন করা হয়। প্রথমবারের মতো বিআরটিসি শেখ রাসেল জাতীয় শিশু দিবস উদ্‌যাপন করেছে।

## ❑ মহান বিজয় দিবস উদযাপন

মহান বিজয় দিবস ২০২১ ও বিজয়ের ৫০ বছর সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে বিআরটিসি প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটসমূহ আলোকসজ্জা ও ব্যানার-ফেস্টুনের মাধ্যমে দৃষ্টিনন্দন করা হয়। মতো মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে তেজগাঁও পুরাতন বিমান বন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে বিআরটিসি'র ৪টি ট্রাক দৃষ্টিনন্দন করে যান্ত্রিক বহরে প্রদর্শন করা হয়। এছাড়াও বিআরটিসি সকল ডিপো/ইউনিটে আলোচনা সভা, কেক কাটা, সাংস্কৃতিক প্রতিযোগীতা, পুরস্কার বিতরণ, মিলাদ ও দোয়া করা হয়।

## ❑ পূর্ব নির্ধারিত ভাড়ায় পণ্য পরিবহন

জ্বালানি তেলের মূল্য সরকার লিটার প্রতি ১৫ টাকা বৃদ্ধি করলেও বিআরটিসি পূর্ব নির্ধারিত ভাড়ায় পণ্য পরিবহন করছে।

## ❑ শিক্ষার্থীদের জন্য বাসে অর্ধেক ভাড়া

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর নির্দেশনার আলোকে বিআরটিসি বাসে শিক্ষার্থীদের জন্য অর্ধেক ভাড়া গ্রহণ করা হচ্ছে। মন্ত্রিপরিষদ কর্তৃক জারীকৃত অর্ধেক ভাড়া সংক্রান্ত প্রজ্ঞাপণ যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে।

## ❑ নিরাপদ সড়ক দিবস উদযাপন

"গতিসীমা মেনে চলি, সড়ক দুর্ঘটনা রোধ করি" এই স্লোগানকে প্রতিপাদ্য করে জাতীয় নিরাপদ সড়ক দিবস ২০২১ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এম.পি। সভাপতিত্ব করেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম। অনুষ্ঠানে বিআরটিসির চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামসহ বিআরটিসি'র অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এ উপলক্ষ্যে বিআরটিসি'র সকল ডিপো/ইউনিটে আলোকসজ্জা, ব্যানার ও ফেস্টুন দিয়ে সু-সজ্জিত করা হয় এবং জেলা-উপজেলা পর্যায়ের আয়োজিত আলোচনা সভা, র‍্যালী/শোভা যাত্রায় অংশগ্রহণ করেন।

# ২০২১ সালে বিআরটিসি'র অর্জন

- সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব মহোদয়ের প্রত্যক্ষ দিকনির্দেশনায় বিআরটিসিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করা হয়;
- কর্পোরেশনের রাজস্ব বৃদ্ধি; ব্যয় সংকোচন ও যাত্রীসেবার মান বৃদ্ধি করার প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহন করা হয়েছে;
- বিআরটিসি'র নীটলাভের পরিমাণ ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে। ডিসেম্বর/২১ মাসে ৩৭৬.৪৪ লক্ষ টাকা নীটলাভ অর্জিত হয়েছে;
- ডিপো/ইউনিটের সকল কর্মচারীদের বেতন-ভাতা নিজস্ব আয় হতে একযোগে প্রতিমাসের নিয়মিত ১০ তারিখের মধ্যে বেতন-ভাতা পরিশোধ করা হচ্ছে। স্থায়ী-অস্থায়ী কর্মচারীদের বেতন সরাসরি তাদের ব্যাংক হিসাবে পৌঁছে দেওয়া হচ্ছে;
- কোভিড-১৯ কালীন সময়ের মধ্যে সকল কর্মচারীদের বেতন-ভাতা নিজস্ব আয় হতে পরিশোধ করা হয়েছে;
- ফেব্রুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটের বেতন-ভাতা পরিশোধিত কোন বকেয়া নাই;
- নিজস্ব অর্থায়নে কর্পোরেশনের অবসর প্রাপ্ত ২৭৬ জন কর্মকর্তা/কর্মচারীকে গ্র্যাচুইটি ও ছুটি নগদায়ন বাবদ ৫০৮.৯৬ লক্ষ টাকা এবং ২২৭ জন কর্মকর্তা/কর্মচারীকে সিপিএফ বাবদ ৪৯৭.৬৪ লক্ষ টাকা পরিশোধ করা হয়েছে;
- জানুয়ারি ২০২২ তারিখে নীট আয় হতে কর্পোরেশনের অবসরপ্রাপ্ত আরো ২৩৫ জন কর্মকর্তা/কর্মচারীকে গ্র্যাচুইটি ও ছুটি নগদায়ন বাবদ ২৪৮.৫৮ লক্ষ এবং ১৮৩ কর্মকর্তা/কর্মচারীকে সিপিএফ বাবদ ১৬৭.৮৬ লক্ষ টাকা পরিশোধ করা হবে;
- বিভিন্ন পদে অর্থাৎ হিসাবরক্ষণ কর্মকর্তা পদে ০৩ জন, ডেপুটি ম্যানেজার (টেক:) পদে ০৬ জন, কারিগর পদে ৭৬ জন, চালক পদে ১০৪ জন ও নিরাপত্তা প্রহরী পদে ৩৫ জনসহ মোট ২২৪ কর্মকর্তা/কর্মচারী নিয়োগ দেওয়া হয়েছে;
- দীর্ঘদিন যাবত বিভিন্ন ডিপো/ইউনিটে বসে থাকা ১০০টি পুরাতন জরাজীর্ণ বাস ভারী মেরামত করে বিআরটিসি'র গাড়ী বহরে সংযুক্ত করে রাজস্ব বৃদ্ধি করা হয়েছে;
- প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটের কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও পদায়ন করা হচ্ছে;
- দীর্ঘদিন যাবৎ সংরক্ষিত ডিপো/ইউনিটসমূহের মেরামতের অযোগ্য ১৮৭টি পুরাতন গাড়ী নিলামে বিক্রয় করা হয়;
- প্রধান কার্যালয়কে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 3D চিত্র, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ও বিআরটিসি যানবাহনের চিত্র প্রদর্শনের মাধ্যমে সৌন্দর্যবৃদ্ধি ও দৃষ্টিনন্দন করা হচ্ছে;
- মুজিব শতবর্ষ উপলক্ষ্যে বঙ্গবন্ধুর মাজার জিয়ারতের উদ্দেশ্যে ভ্রমণকারীদের ঐতিহাসিক টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ হতে মুজিবনগর, মেহেরপুর রুটে স্বল্প ভাড়ায় বাস সার্ভিস চালু করা হয়েছে।
- কর্পোরেশনের চালক ও নিরাপত্তারক্ষীদেরকে নতুন পোশাক/ ইউনিফর্ম প্রদান করা হয়েছে;
- ১৮০টি বাসে রিভর সংযোগ চালু করা হয়েছে;
- প্রধান কার্যালয়সহ প্রতিটি ডিপো/ইউনিটে অডিট ফার্ম কর্তৃক অডিট কার্যক্রম সম্পন্ন করা-সহ অভ্যন্তরীণ অডিট জোরদার করা হয়েছে;
- ছাত্র-ছাত্রীরা অর্ধেক ভাড়ায় বিআরটিসি'র বাসে নিয়মিত যাতায়াত করছে;
- ভারী মেরামতের জন্য গাজীপুর (ICWS) আইসিডব্লিউএস নতুন ভাবে চালু করা হয়েছে। উক্ত কারখানায় প্রতিমাসে স্বল্প খরচে মানসম্মত গাড়ীর ভারী মেরামত করা হচ্ছে;
- ২০১৬ হতে বন্ধ থাকা গাজীপুর পেট্রোল পাম্প গত ০২-১২-২০২১ তারিখে পুনরায় চালু করা হয়েছে;
- কর্পোরেশনের প্রধান কার্যালয়ের নীচতলার ভাড়াটিয়া উঠিয়ে দিয়ে অভ্যর্থনা কক্ষ, বঙ্গবন্ধু কর্নার লাইব্রেরি স্থাপন সহ আধুনিকায়ন করা হয়েছ;
- ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা উপলক্ষ্যে জনসাধারণের চলাচলের জন্য প্রয়োজনীয় সংখ্যক বাস চালু করা হয়েছে;
- বাস রুট Rationalization কার্যক্রমের আওতায় 'ঢাকা নগর পরিবহন' নামে ঘাটারচর হতে কাঁচপুর পর্যন্ত ৩০টি বাস চালু করা হয়েছে;
- ডিজেলের মূল্যে প্রায় ২৪% বৃদ্ধির পরও বিআরটিসি পূর্বের ভাড়ায় জরুরি পণ্য দেশের বিভিন্ন প্রান্তে পরিবহন করা হচ্ছে;
- প্রথমবারের মত 'বার্ষিক প্রতিবেদন ২০২০-২১' প্রকাশ করা হয়েছে;
- 'বিআরটিসি সমাচার' ত্রৈমাসিক ভিত্তিতে প্রকাশ করা হচ্ছে;
- পরিবহন পুল হতে ২৯টি ট্রেনিং কার/জীপ বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমের জন্য বরাদ্ধ পাওয়া গেছে;
- কোরিয়া হতে ৩২০টি CNG বাস ক্রয় কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে;
- বিআরটিসি'র বাসে যাত্রী পরিবহণ কার্যক্রম তদারকির জন্য ভিজিলেন্স টিম কার্যক্রম জোরদার করা হয়েছে;
- বিআরটিসি'র সকল চলমান বাস ডেন্টিং-পেইন্টিং, পরিস্কার পরিচ্ছন্নতার মাধ্যমে দৃষ্টিনন্দন করা হয়েছে।
- সংস্কারের মাধ্যমে প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটসমূহ আধুনিকায়ন করা হয়েছে;
- সকল ডিপো/ইউনিটে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে;
- ইতিপূর্বে VTS-এর পাইলট প্রকল্প চালু হওয়ায় সকল বাসের ন্যায় ট্রাকেও চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
- বাস টিকেট ব্যবস্থা সহজতর করা এবং অনিয়ম দূর করার লক্ষ্যে ৮টি রুটে ই-টিকেটিং পদ্ধতি চালু করা হয়েছে;
- "আমাদের বিআরটিসি" মোবাইল এ্যাপ চালু করা হয়েছে। এই এ্যাপসের মাধ্যমে বর্তমানে বিআরটিসি বাসের ২টি রুটের সময়সূচি ও নির্দিষ্ট অবস্থান সম্পর্কে যাত্রীসাধারণ জানতে পারছে;
- সকল কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে;
- বাংলাদেশ আনসার, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, নায়েম এবং পদ্মা সেতুর প্রকল্পের ক্ষতিগ্রস্থদের ড্রাইভিং প্রশিক্ষণ সহ মোট ১৩,৫৬৪ জন প্রশিক্ষণার্থী বিভিন্ন প্রশিক্ষণ ইনস্টিটিউট/ কেন্দ্রে প্রশিক্ষণ প্রদান করা হয়;
- নোয়াখালী জেলায় একটি প্রশিক্ষণ ইনস্টিটিউট চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে যার প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে;
- বিআরটিসি'র বিভিন্ন ডিপো/ইউনিটে স্থাপনা ও অবকাঠামো তৈরির লক্ষ্যে DPP প্রস্তুতসহ অন্যান্য উন্নয়ন কাজের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

# আলোকচিত্রে বিআরটিসি





গত ১৮/১০/২০২১ তারিখে “শেখ রাসেল জাতীয় শিশু দিবস” উপলক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
এ উপলক্ষ্যে ব্যানার, ফেস্টুন দিয়ে প্রধান কার্যালয় ভবন সু-সজ্জিতকরণ






২২ অক্টোবর ২০২১ তারিখে নিরাপদ সড়ক দিবস উপলক্ষ্যে ডিপো-ইউনিট, ভবন ও রাস্তার পাশে বিভিন্ন ব্যানার, ফেস্টুন দিয়ে সু-সজ্জিতকরণ




SEIP এর সম্মানিত পিডি, ডিপিডি এবং পিএমবিএল ও বিআরটিসির কর্মকর্তাবৃন্দ টুঙ্গিপাড়া ট্রেনিং ইনস্টিটিউটের কার্যক্রম পরিদর্শনপূর্বক জাতির পিতার মাজার জিয়ারত



নতুন নিয়োগপ্রাপ্ত ডেপুটি ম্যানেজার (টেকঃ), হিসাব অফিসার ও অন্যান্য কর্মকর্তাদের সার্বিক বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান



মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান, এম.পি
মহোদয়ের সাথে বিআরটিসির চেয়ারম্যানের সৌজন্য সাক্ষাত




সেবা সহজিকরণ কর্মশালা ২০২১-২০২২ এর শুভ উদ্বোধন করেন
বিআরটিসি'র চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম





গত ২৯/১১/২০২১ ইং তারিখ চেয়ারম্যান বিআরটিসির সভাপতিত্বে প্রধান কার্যালয় এর সভাকক্ষে বিআরটিসির পরিচালনা পর্ষদের ২৯০ তম (আইন ২০২০ অনুযায়ী ২য়) সভা অনুষ্ঠিত হয়। পরিশেষে পরিচালনা পর্ষদের সকল সদস্যদের মাঝে 'সম্মাননা ক্রেস্ট' প্রদান



বিআরটিসির চালক ও নিরাপত্তা প্রহরীদের ইউনিফর্ম প্রদান



গত ২২/১১/২১ তারিখে বিআরটিসির চেয়ারম্যানের সভাপতিত্বে এপিএ-এর সভা অনুষ্ঠিত হয়





গত ৩ নভেম্বর ২০২১ তারিখে কুড়িল বিশ্বরোড-গাউছিয়া রোডে নতুন আঙ্গিকে আর্টিকুলেটেড বাস সার্ভিসের শুভ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) জনাব মোঃ তাজুল ইসলাম




১১/১২/২১ইং তারিখে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় তত্ত্বাবধানে বিআরটিসি জোয়ারসাহারা বাস ডিপোতে আয়োজিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী ও কীর্তি" বিষয়ক রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার প্রদান করেন জনাব আব্দুল মালেক, অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ





জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে গত ০৬/১২/২০২১ তারিখে সেচ্ছা রক্তদান কর্মসূচি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব, জনাব মোঃ নজরুল ইসলাম এবং অন্যান্য অতিথিদের মধ্যে বিআরটিসির চেয়ারম্যান, জনাব মোঃ তাজুল ইসলাম। উক্ত কর্মসূচিতে বিআরটিসি'র কর্মচারীগণের সেচ্ছায় রক্তদান করেন




গত ২০/১২/২১ইং তারিখ বিআরটিসি'র চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম চট্টগ্রাম ট্রাক ডিপোতে আয়োজিত শুদ্ধাচার ও সর্বোচ্চ রাজস্ব উপার্জনকারী চালকদের পুরস্কার বিতরণ এবং চট্টগ্রাম বাস ডিপো ও নবনির্মিত ট্রেনিং সেন্টার পরিদর্শন করেন




গত ১৭ অক্টোবর ২০২১ তারিখে বিআরটিসির চেয়ারম্যান এর সভাপতিত্বে ট্রেনিং ইনস্টিটিউট, তেজগাঁও-এ মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় মোটর ড্রাইভিং প্রশিক্ষণ কার্যক্রম এর শুভ উদ্বোধন করেন জনাব রামচন্দ্র দাস, মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর

# বিভিন্ন ইলেক্ট্রনিক্স মিডিয়ায় বিআরটিসি চেয়ারম্যান-এর সাক্ষাৎকার




শিক্ষার্থীদের কাছ থেকে ৫০% ভাড়ার বিষয়ে **বিটিভিতে** সরাসরি সাক্ষাৎকার প্রদান



**নাগরিক টিভিতে** বিআরটিসিসহ সকল বাস মালিকদের যথাযথ নিয়ম অনুসরণ করে সুন্দর ও সুষ্ঠুভাবে বাস পরিচালনার সাক্ষাৎকার প্রদান



সড়ক পরিবহন ব্যবস্থার সামগ্রিক বিষয়ে **সময় টিভিতে** সাক্ষাৎকার প্রদান




**ঢাকা পোস্ট-** এ বিআরটিসি'র সার্বিক কার্যক্রম বিষয়ে সাক্ষাৎকার প্রদান




**আরটিভিতে** গণপরিবহনে নারীদের হয়রানীবিহীন যাতায়াত বিষয়ে সাক্ষাৎকার প্রদান




স্বল্প মূল্যে, নিরাপদ আদর্শ ও উন্নততর যাত্রী সেবা প্রদানের বিষয়ে **৭১ টিভিতে** সরাসরি সাক্ষাৎকার প্রদান






বিআরটিসির সভা কক্ষে মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করেন বিআরটিসির চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। অনলাইনে সকল ইউনিট/ডিপো প্রধানদের যথাযথ মর্যাদায় বিজয় দিবস পালন করার নির্দেশনা প্রদান







মহান বিজয় দিবস, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রধান কার্যালয়সহ বিআরটিসি সকল ডিপো/ইউনিটে আলোকসজ্জা ও ব্যানারের মাধ্যমে দৃষ্টিনন্দন করা হয়। সেই সাথে দিবসটি যথাযথ মর্যাদা প্রদর্শনপূর্বক সকল ডিপো/ইউনিটে আলোচনা সভা, মিলাদ-দোয়া মাহফিল এবং বিজয় র‍্যালী ও পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়





সারাদেশে বিভিন্ন রুটে পরিচালিত বিআরটিসি বাসে ভাড়ার চার্ট সংযোজন ও যাত্রীদের নিকট হতে অতিরিক্ত ভাড়া আদায় এবং ছাত্র-ছাত্রীদের নিকট হতে অর্ধেক ভাড়া নেয়া হচ্ছে কি-না এ বিষয়ে যথাযথ মনিটরিং-এর জন্য বিআরটিসির কর্মকর্তাগণ কর্তৃক সরেজমিনে বাস পরিদর্শন




ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২১ উপলক্ষে ১২ ডিসেম্বর ২০২১ তারিখে বর্ণাঢ্য র‍্যালীতে বিআরটিসির কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণ



গত ২১/১২/২১ইং তারিখে বিআরটিসি'র খুলনা বাস ডিপোর পরিদর্শন করেন জনাব এস এম মাসুদুল হক, পরিচালক (অর্থ ও হিসাব), বিআরটিসি





গত ২৬/১২/২০২১ ইং তারিখ মোঃপুর বাস ডিপো সংলগ্নে "ঘাটারচর-মোঃপুর-গুলিস্তান-মতিঝিল-সাইনবোর্ড-কাঁচপুর ব্রীজ" বাস রুট রেশনালাইজেশন ঢাকা নগর পরিবহন বাস রুট পাইলটিং-এর শুভ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ ওবায়দুল কাদের, এম.পি। অনুষ্ঠানে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রসহ বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম উপস্থিত ছিলেন




নতুন নিয়োগপ্রাপ্ত কারিগরদের ওরিয়েন্টেশন কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কর্পোরেশনের পরিচালক (কারিগরি) মহোদয়




নতুন নিয়োগপ্রাপ্ত চালকগণের ওরিয়েন্টেশন কোর্সের শেষ ব্যাচের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব বিষ্ণু কুমার সরকার (জিএম প্রশাসন)



সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা, গাজীপুর-এ ভারী মেরামত কাজে ব্যস্ত কারিগরগণ



২৬তম আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২২ উপলক্ষ্যে বিআরটিসি শাটল বাস সার্ভিসের শুভ উদ্বোধন



নতুন নিয়োগপ্রাপ্ত নিরাপত্তা প্রহরীদের ব্যবহারিক ক্লাস নিচ্ছেন মেজর মোক্তারুজ্জামান



বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. মোঃ সাদেকুল আরেফিন-এর সাথে বরিশাল বাস ডিপোর ম্যানেজার (অপাঃ)-এর সৌজন্য সাক্ষাত

## বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য

### বাসের তথ্যঃ

| মোট বাসের সংখ্যা | সচল গাড়ীর সংখ্যা | | অযোগ্য ঘোষণার জন্য বিইআর (প্রস্তাবিত) গাড়ীর সংখ্যা | ভারী মেরামতাধীন (দীর্ঘ মেয়াদী লীজসহ) গাড়ীর সংখ্যা |
|---|---|---|---|---|
| | নিজস্ব | দীর্ঘ মেয়াদী লীজ | | |
| ১৬০০টি | ১২৭৯টি | ৩৭টি | ১৫৪টি | ১৩০টি |
| | ১৩১৬টি | | | |

### ট্রাকের তথ্যঃ

| মোট ট্রাকের সংখ্যা | সচল ট্রাকের সংখ্যা | বিইআর (প্রস্তাবিত) ট্রাকের সংখ্যা | ভারী মেরামতাধীন ট্রাকের সংখ্যা |
|---|---|---|---|
| ৫৮৯টি | ৫০২টি | ৮০টি | ০৭টি |

## আয়-ব্যয় সংক্রান্ত তথ্য

### বাসের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ

| বিবরণ | অক্টোবর ২০২০ | অক্টোবর ২০২১ | নভেম্বর ২০২০ | নভেম্বর ২০২১ | ডিসেম্বর ২০২০ | ডিসেম্বর ২০২১ |
|---|---|---|---|---|---|---|
| **আয়** (লক্ষ টাকা) | ২০৮৮.৮২ | ২৩৫১.৪১ | ২০৮৩.৩২ | ২৬৯৪.৩২ | ২০৯০.১৪ | ২৮১৫.৭২ |
| **ব্যয়** (লক্ষ টাকা) | ২০৩৩.২২ | ২২৭১.৩১ | ১৯৮৭.৮৩ | ২৫৬৩.৬৬ | ২০৫১.৪১ | ২৬৪৩.৩৮ |
| **অপারেটিং লাভ/ক্ষতি** (লক্ষ টাকা) | ৫৫.৬০ | ৮০.১০ | ৯৫.৪৯ | ১৩০.৬৬ | ৩৮.৭৩ | ১৭২.৩৪ |

### ট্রাকের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ

| বিবরণ | অক্টোবর ২০২০ | অক্টোবর ২০২১ | নভেম্বর ২০২০ | নভেম্বর ২০২১ | ডিসেম্বর ২০২০ | ডিসেম্বর ২০২১ |
|---|---|---|---|---|---|---|
| **আয়** (লক্ষ টাকা) | ৯১১.০৯ | ১১১৯.০৬ | ৭৯২.৫৮ | ১২৩৫.৮২ | ৭৮৫.০০ | ১২৫৬.১১ |
| **ব্যয়** (লক্ষ টাকা) | ৭৩৭.৯৬ | ৮৭৪.২৮ | ৬৮২.৩২ | ১০৩৯.৯৭ | ৭১৮.২২ | ১০৫২.০১ |
| **অপারেটিং লাভ/ক্ষতি** (লক্ষ টাকা) | ১৭৩.১৩ | ২৪৪.৭৮ | ১১০.২৬ | ১৯৫.৮৫ | ৬৬.৭৮ | ২০৪.১০ |

## বিআরটিসির স্থাপনার অক্টোবর/২১ হতে ডিসেম্বর /২১ পর্যন্ত মাসভিত্তিক ভাড়ার তথ্য

| ক্রম | মাসিক ভাড়া (লক্ষ টাকা) | ভাড়া আদায় (লক্ষ টাকা) | | |
|---|---|---|---|---|
| | | অক্টোবর/২০২১ | নভেম্বর/২০২১ | ডিসেম্বর/২০২১ |
| ১ | ৭১.৬৫ | ৬৬.১২ | ৬৮.৭১ | ৮১.৫১ |

## সিপিএফ ও গ্র্যাচুইটি অর্থ প্রদান সংক্রান্ত তথ্য

### গ্র্যাচুইটির চূড়ান্ত পাওনা পরিশোধিত অর্থের বিবরণঃ

| ক্রম | বিবরণ | অক্টোবর/২০২১ | নভেম্বর/২০২১ | ডিসেম্বর/২০২১ | মোট টাকা (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | গ্র্যাচুইটির প্রদানকৃত টাকা | ২,৭৫,০০০.০০ | ১,০০,০০০.০০ | ২,৪৮,৫৭,৪৩৫.১৩ | ২,৫২,৩২,৪৩৫.১৩ |

### সিপি ফান্ডের চূড়ান্ত পাওনা পরিশোধিত অর্থের বিবরণঃ

| ক্রম | বিবরণ | অক্টোবর/২০২১ | নভেম্বর/২০২১ | ডিসেম্বর/২০২১ | মোট টাকা (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | সিপিএফ'র প্রদানকৃত টাকা | ১,২৫,০০০.০০ | ৫,০০,০০০.০০ | ১,৬৭,৮৬,১২৫.১৮ | ১,৭৪,১১,১২৫.১৮ |

## সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী বিআরটিএর মামলা সংক্রান্ত তথ্য

| মাসের নাম | অভিযানকৃত বাস সংখ্যা | জরিমানাকৃত বাস সংখ্যা | জরিমানার পরিমাণ |
|---|---|---|---|
| অক্টোবর ২০২১ | ৩৩ | ১৩ | ১৯,৬০০/- |
| নভেম্বর ২০২১ | ৩৫ | ১৪ | ২৩,০০০/- |
| ডিসেম্বর ২০২১ | ১৫ | ০৪ | ৮,৫০০/- |

## ❑ সরকারি পরিবহন পুল হতে ২৯টি কার-জীপ প্রাপ্তি



দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে ০৪টি ইনস্টিটিউট ও ১৯টি প্রশিক্ষণ কেন্দ্রের বিভিন্ন প্রশিক্ষণ কোর্স এবং ভিন্ন ভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রতি বছর ২০/২৫ হাজার প্রশিক্ষণার্থী চাহিদা মোতাবেক প্রশিক্ষণ গ্রহণ করে। সুষ্ঠুভাবে প্রশিক্ষণ প্রদানে প্রশিক্ষণ কার-জীপ একান্ত অপরিহার্য বিবেচনায় গত ০৩/০১/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়ে সরকারি যানবাহন অধিদপ্তর ও বিআরটিসি'র মধ্যে Memorandum of Understanding স্বাক্ষর অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ফরহাদ হোসেন এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব কে এম আলী আজম, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং বিআরটিসি'র চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামসহ সরকারি যানবাহন অধিদপ্তর ও বিআরটিসি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ মিজানুর রহমান, পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর।

## ❑ কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর এর প্রশিক্ষণ কক্ষ আধুনিকায়ন

বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর এর প্রশিক্ষণ কক্ষ দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় জরুরী ভিত্তিতে প্রশিক্ষণ কক্ষটিকে সময়পোযোগী আধুনিকায়ন করার নিমিত্ত ডিজিটাল স্মার্ট বোর্ড স্থাপনসহ সংস্করণ করা হয়। প্রশিক্ষণ কক্ষটি গত ০৪/১২/২০২১ইং তারিখ বিআরটিসি'র চেয়ারম্যান, জনাব তাজুল ইসলাম শুভ উদ্বোধন করে দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।





## ❑ গাজীপুর বাস ডিপোর মূল ফটক আধুনিকায়ন ও ডিজেল পাম্প পুনরায় চালুকরণ

**গাজীপুর বাস ডিপোর মূল ফটক আধুনিকায়ন**

সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা ও গাজীপুর বাস ডিপোর মূল ফটক দীর্ঘদিনের পুরাতন হওয়ায় বিআরটিসি চেয়্যারম্যান মহোদয়ের নির্দেশনায় মূল ফটকটি সময়োপযোগী সংস্করণসহ ডিজিটাল বোর্ড নির্মাণের কাজ চলমান রয়েছে।

**ডিজেল পাম্প পুন: চালুকরণ**

গাজীপুর বাস ডিপোর অভ্যন্তরে স্থাপিত ডিজেল পাম্পটি দীর্ঘদিন পরিত্যক্ত অবস্থায় ছিল। বিআরটিসি চেয়্যারম্যান মহোদয় গাজীপুর বাস ডিপো পরিদর্শনকালে পরিত্যক্ত ডিজেল পাম্পটি পুনরায় চালুকরণের জন্য নির্দেশনা প্রদান করেন। তারই ধারাবাহিকতায় গত ০২/১২/২০২১ইং তারিখ হতে পরিত্যক্ত ডিজেল পাম্পটি পুনরায় চালু করা হয়।

## ❑ এসি বাসে WiFi সংযোগ প্রদান

LoC-2 এর আওতায় ভারত হতে আমদানীকৃত বিআরটিসির বহরে সংযুক্ত করা ২০০টি একতলা এসি বাস হতে ১৯১টি বাসের মধ্যে WiFi সংযোগ স্থাপন করার মাধ্যমে বিআরটিসি বাসে Wi-Fi ইন্টারনেট সেবা/সুবিধা চালু করা হয়েছে। এর ফলে যাত্রীসাধারণ বাসে বসেই বিনামূল্যে ইন্টারনেট ব্রাউজিং, ডাউনলোড এবং মেইল চেক করতে সক্ষম হচ্ছেন।